

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

জেএসসি জেডিসি পরীক্ষা শুরু

প্রকাশ | ০২ নভেম্বর ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হয়েছে গতকাল বৃহস্পতিবার। এতে অংশ নেয় ২৩ লাখ ৫৩ হাজার ৩৮৭ শিক্ষার্থী। পরীক্ষায় অনুপস্থিত ছিল ৬৪ হাজার ৯৯৫ জন। সারা দেশে ৩৪ পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। তাদের মধ্যে ঢাকা বোর্ডে ৬, বরিশালে ৮, দিনাজপুরে ১, কুমিল্লায় ২ ও মাদ্রাসা বোর্ডে ১৭ জন রয়েছে। আন্তঃশিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ সূত্রে এই তথ্য পাওয়া গেছে।

প্রথম দিন জেএসসির বাংলা প্রথমপত্র এবং জেডিসির কুরআন মাজীদ ও তাজবিদ বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই পরীক্ষা শেষ হবে ১৫ নভেম্বর।

এবার জেএসসি ও জেডিসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের চাঙ্গ নেই বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, বিগত সময়ে প্রশ্নফাঁস অভিযোগের পর আমরা আরও কঠোর অবস্থানে এসেছি। গত এইচএসসি পরীক্ষায় প্রশ্নফাঁসের কোনো প্রমাণ পাওয়া যায়নি। প্রশ্নফাঁস রোধে একত্রে পাঁচ মন্ত্রণালয় কাজ করছে। ফলে এবারও প্রশ্নফাঁসের চাঙ্গ নেই। গতকাল মতিঝিল সরকারি বালক উচ্চবিদ্যালয় ও বালিকা উচ্চবিদ্যালয়ের পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, যারা ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া প্রশ্ন দিয়ে গুজব ছড়াচ্ছে, তাদের নজরদারিতে রাখা হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনী যে কোনো সময় তাদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনবে। চার স্তরের নিরাপত্তা বাহিনী এ কাজে নিয়োজিত রয়েছে। তিনি বলেন, স্কুল থেকে ঝরে পড়ার হারও আগের চেয়ে অনেক কমে গেছে। তবে এখনো যেসব শিক্ষার্থী ঝরে পড়ছে, তাদের ধরে রাখার জন্য নানা কর্মসূচি হাতে নেওয়া হচ্ছে।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা বিভাগ ও কারিগরি শাখার অতিরিক্ত সচিব জাকির হোসেন ভুইয়া, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব নাজমুল হক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক অধ্যাপক সামছুল হুদা প্রমুখ উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি